

## বাংলা নববর্ষ ১৪২৪ বরণ উপলক্ষে পিলখানায় বৈশাখী মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন



১৪ এপ্রিল ২০১৭ তারিখ বাংলা নববর্ষ ১৪২৪ বরণ উপলক্ষে পিলখানায় বৈশাখী মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের উদ্বোধন করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল আবুল হোসেন, এনডিসি, পিএসসি, পি ইঞ্জ এবং সীমান্ত পরিবার কল্যাণ সমিতির প্রধান পৃষ্ঠপোষক (বিজিবি মহাপরিচালকের পত্নী) বেগম রওশন আরা হোসেন। এসময় বিজিবির সকল স্তরের কর্মকর্তা ও সৈনিকবৃন্দ স্বপরিবারে উপস্থিত ছিলেন। উদ্বোধন শেষে বিজিবি মহাপরিচালক এবং উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ মেলার বিভিন্ন স্টল ঘুরে দেখেন এবং সকলের সাথে নববর্ষের শুভেচ্ছা বিনিময় করেন। পিলখানায় আয়োজিত বৈশাখী মেলায় গ্রাম-বাংলার ঐতিহ্যবাহী খাবার, হস্তশিল্প সামগ্রী, লোকজ ও গ্রামীণ ঐতিহ্যের জীবনাচার ও খেলাধুলার প্রদর্শনী স্থান পায়। বিজিবির সকল স্তরের কর্মকর্তা, সৈনিক এবং তাদের পরিবারের সদস্যবৃন্দ দিনব্যাপী এ মেলা উপভোগ করেন।

আজ পহেলা বৈশাখ, বাংলা নববর্ষ ১৪২৪ বরণ উপলক্ষে বিজিবি সদর দপ্তর, পিলখানায় বিভিন্ন অনুষ্ঠানমালার আয়োজন করা হয়। সকাল ০৮:৩০ ঘটিকায় পিলখানাস্থ বিজিবির প্রশিক্ষণ মাঠে ফিতা কেটে ও বেলুন উড়িয়ে ঐতিহ্যবাহী বৈশাখী মেলার উদ্বোধন করেন বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল আবুল হোসেন, এনডিসি, পিএসসি, পি ইঞ্জ এবং সীমান্ত পরিবার কল্যাণ সমিতির প্রধান পৃষ্ঠপোষক (বিজিবি মহাপরিচালকের পত্নী) বেগম রওশন আরা হোসেন। এসময় বিজিবির সকল স্তরের কর্মকর্তা ও সৈনিকবৃন্দ স্বপরিবারে উপস্থিত ছিলেন। উদ্বোধন শেষে বিজিবি মহাপরিচালক এবং উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ মেলার বিভিন্ন স্টল ঘুরে দেখেন এবং সকলের সাথে নববর্ষের শুভেচ্ছা বিনিময় করেন। পিলখানায় আয়োজিত বৈশাখী মেলায় গ্রাম-বাংলার ঐতিহ্যবাহী খাবার, হস্তশিল্প সামগ্রী, লোকজ ও গ্রামীণ ঐতিহ্যের জীবনাচার ও খেলাধুলার প্রদর্শনী স্থান পায়। বিজিবির সকল স্তরের কর্মকর্তা, সৈনিক এবং তাদের পরিবারের সদস্যবৃন্দ দিনব্যাপী এ মেলা উপভোগ করেন।